



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকের শিক্ষা বিভাগের দু' কর্মকর্তা বিদায়ী সংবর্ধনায় মেয়র

চট্টগ্রাম-১৮ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া ও শিক্ষা কর্মকর্তা সালমা ফেরদৌসের বিদায় সংবর্ধনা গতকাল বৃহস্পতিবার টাগারপাসস্থ চসিকের অস্থায়ী কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হকের সভাপতিত্বে ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেমের সঞ্চালনায় বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এতে বক্তব্য রাখেন সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, জোন প্রধান আফিয়া আক্তার, কলেজ শিক্ষক সমিতির পক্ষে জিন্নাত আরা পারভীন বর্ণা, মনোয়ারা জাহান, প্রধান শিক্ষক ফোরামের পক্ষে আকতার হোসেন, মো. আবুল কাশেম, বিদায়ী প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া ও শিক্ষা কর্মকর্তা সালমা ফেরদৌস। উপস্থিত ছিলেন-প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, স্পেসাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আমল চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিদায়ী কর্মকর্তাগণ অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে তাদের স্বীয় দায়িত্ব পালন করেছেন। তারা দায়িত্ব পালনকালে চসিক পরিচালিত স্কুল ও কলেজ শিক্ষা কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তারা ভবিষ্যৎ কর্মস্থলেও সফলতার সাথে কাজ করে তাদের অর্জনগুলো রাখবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩